গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : "কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙন হতে রক্ষা" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯-১০-২০২০। |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা। |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান, ৪৮৬০.৭৫ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন ২০২১ পর্যন্ত। জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫% এবং আর্থিক অগ্রগতি ১২৬ লক্ষ টাকা।

২। সভায় প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, গত ২৯-০৮-২০১৯ তারিখে এ প্রকল্পের ০৫টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়। ২০১৯-২০২০ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ প্রাপ্ত অর্থ অনুযায়ী জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১২৫.০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৫%। সভাপতি মহোদয় উক্ত কাজের সার্বিক অগ্রগতি নিয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের বাস্তব কাজ সম্পন্ন হবে কিনা সে বিষয়ে সংশয় প্রকাশ করেন।<br><br>এ বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, মাঠ পর্যায়ে সাইটে কাজ চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ৩০০০.০০ লক্ষ টাকার অতিরিক্ত ১৭৩৫.৭৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেলে নির্ধারিত সময় জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। | (ক) নির্ধারিত সময় জুন ২০২১ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদানসহ যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br><br>বাস্তবায়নে : প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, বাপাউবো।<br><br>(খ) নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত আরও ১৭৩৫.৭৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পাসম। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৪.১৯-৩৯৬

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৪) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) উপ-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সংশ্লিষ্ট), উন্নয়ন-৫ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বামতীরের ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ।
১৯) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব